রজনীশ সিং শিয়ালদহ ডিভিশনের অতিরিক্ত ডিভিশনাল রেল ম্যানেজার হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন

কলকাতা, ৫ আগস্ট ঃ রজনীশ সিং আনুষ্ঠানিকভাবে পূর্ব রেলওয়ের শিয়ালদহ ডিভিশনের নতুন অতিরিক্ত ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। ২০০৫ ব্যাচের 'ইন্ডিয়ান রেলওয়ে সার্ভিস অফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং' (IRSEE) ক্যাডারের আধিকারিক রজনীশ সিং এই গুরুত্বপূর্ণ পদে তাঁর দীর্ঘ ও সমৃদ্ধ অভিজ্ঞতা নিয়ে এসেছেন। এই দায়িত্ব গ্রহণের আগে, রজনীশ সিং চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে 'চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার / লোকো' হিসেবে অত্যন্ত দক্ষতার সাথে কাজ করেছেন এবং ওই ক্ষেত্রের উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। সরকারি কাজকর্ম পরিচালনায় তাঁর বিচিত্র অভিজ্ঞতা ও গভীর বোঝাপড়া শিয়ালদহ ডিভিশনের পরিচালনায় অত্যন্ত মূল্যবান ভূমিকা পালন করবে। শ্রী সিং-এর মূল লক্ষ্য হবে ডিভিশন জুড়ে পরিচালনগত দক্ষতা বৃদ্ধি, যাত্রীদের সুযোগ-সুবিধা উন্নত করা এবং সর্বোচ্চ মানের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা। ডিভিশনের রেলওয়ে ব্যবস্থাকে আরও শক্তিশালী করে তুলতে তিনি সকলের সাথে সম্মিলিতভাবে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

পাথরচাপুরি যাওয়ার পথে বিপর্যয়, মালভর্তি ট্রাক পিষে দিল চারচাকা! মৃত চালক

নিজস্ব প্রতিনিধি, মুর্শিদাবাদ, ৫ আগস্ট ঃ সাত সকালে ভয়াবহ পথ দুর্ঘটনায় কেঁপে উঠল সালার-কাটোয়া রাজ্য সড়ক। আজ বুধবার সকালে দক্ষিণখন্ড এলাকায় একটি যাত্রীবাহী গাড়ি এবং এলপিজি বোঝাই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই মর্মান্তিক মৃত্যু হয়েছে গাড়ির চালকের। এই ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও ৫ জন। পুলিশ জানিয়েছে মৃতের নাম, রাজা আনসারী (২৮)। স্থানীয় সূত্রে জানা গেছে, যাত্রীদের দলটি তালিবপুর থেকে বীরভূমের পাথরচাপুরির উদ্দেশ্যে রওনা দিয়েছিল। তারমধ্যেই দক্ষিণখন্ডের কাছে আচমকাই উল্টোদিক থেকে আসা একটি এলপিজি গ্যাস বোঝাই ট্রাকের সঙ্গে তাঁদের গাড়ির সজোরে ধাক্কা লাগে। দুর্ঘটনার তীব্রতা এতটাই ছিল যে, গাড়ির চালক ঘটনাস্থলেই প্রাণ হারান। দুর্ঘটনার খবর চাউর হতেই স্থানীয় মানুষজন ছুটে আসেন। তড়িঘড়ি আহত ৫ জনকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার জন্য সালার গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকরা আহতদের প্রাথমিক চিকিৎসা করার দেন। পরে তাঁদের শারীরিক অবস্থার অবনতি হওয়ার কারণে অবিলম্বে মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করার নির্দেশ দেন। হাসপাতাল সূত্রে খবর, আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক। মর্মান্তিক এই দুর্ঘটনায় আহত দু'টি শিশুর চোখে গুরুতর আঘাত লেগেছে। চিকিৎসকরা আশঙ্কা করছেন, তাঁরা দৃষ্টিশক্তি হারাতে পারে। এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় সালার থানার পুলিশ। দুর্ঘটনাগ্রস্ত গাড়িগুলিকে উদ্ধার করা হয়। এর পাশাপাশি ঠিক কী কারণে এই ভয়াবহ সংঘর্ষ হল, তা খতিয়ে দেখত তদন্ত শুরু করেছে পুলিশ। এই ভয়াবহ দুর্ঘটনার ফলে দক্ষিণখন্ড ও সংলগ্ন এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পাথরচাপুরি যাওয়ার পথে এমন মর্মান্তিক পরিণতি এবং একজনের অকাল মৃত্যুতে গোটা এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কান্দি মহকুমা হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

শিলিগুড়িতে লক্ষাধিক টাকার বিদেশি মদ-সহ গ্রেফতার যুবক

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৫ আগস্ট ঃ বিহারে পাচার হওয়ার আগেই লক্ষাধিক টাকার বিদেশি মদ বাজেয়াপ্ত করলো পুলিশ। প্রধান নগর থানার পুলিশ শিলিগুড়ি জংশনের কাছে একটি লজে অভিযান চালিয়ে বিহারের সহরসা জেলার এক যুবককে গ্রেফতার করেছে। ধৃত যুবকের নাম ভাস্কর কুমার। পুলিশের কাছে খবর ছিল, এক যুবক ওই লজে আছে, আর তার সঙ্গে রয়েছে বিপুল পরিমাণ বিদেশি মদ। শীঘ্রই তা বিহারে পাঠানোর প্রস্তুতি নিচ্ছে সে। এই তথ্যের ভিত্তিতে, প্রধান নগর থানার পুলিশ মঙ্গলবার গভীর রাতে লজটিতে অভিযান চালায়। অভিযানের সময় পুলিশ একটি ঘর থেকে ভাস্কর কুমারকে গ্রেফতার করে। তল্লাশির সময় তার দুটি ট্রলি ব্যাগ থেকে বিপুল পরিমাণ বিদেশি মদ উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে অভিযুক্ত স্বীকার করেছে, বাজেয়াপ্ত হওয়া ওই মদ বিহারে পাচারের উদ্দেশ্য ছিল তার। পুলিশ সূত্রে জানা গেছে, বাজেয়াপ্ত হওয়া বিদেশি মদের বাজারমূল্য লক্ষাধিক টাকা বলে অনুমান করা হচ্ছে। পুলিশ বুধবার অভিযুক্তকে শিলিগুড়ি আদালতে পেশ করবে।

জমি আন্দোলনের শহিদকে স্মরণ ১৯৭০ এর লড়াইয়ের সহযোদ্ধা সুমন্ত দেবনাথ

রতন দে, বালুরঘাট, ৫ আগস্ট ঃ জমি আন্দোলনের সঙ্গে যুক্ত কমরেড বিগলা উরাওয়ের স্মরণে মঙ্গলবার ৪ আগস্ট বড় কাশিপুরে কর্মসূচি পালন করল আরএসপি। দলের লোকাল ও ব্রাঞ্চ নেতৃত্বের পাশাপাশি এলাকার খেটে খাওয়া মানুষ কর্মসূচিতে অংশ নেন। উপস্থিত ছিলেন ১৯৭০ সালের ৪ আগস্টের আন্দোলনের সহযোদ্ধা সুমন্ত দেবনাথ এবং আরএসপির জেলা সম্পাদক-সহ বিভিন্ন স্তরের নেতৃত্ব। দলীয় সূত্রের দাবি ১৯৬৮ সাল থেকে বড় কাশিপুর এলাকায় জোতদারদের হাতে থাকা জমি উদ্ধার করে ভূমিহীনদের মধ্যে বণ্টনের দাবিতে মানুষকে সংগঠিত করার কাজ শুরু হয়েছিল। সেই আন্দোলনকে কেন্দ্র করে ১৯৭০ সালের ৪ আগস্ট লড়াই হয়। ওই ঘটনায় বিগলা উরাওয়ের মৃত্যু হয় বলে দলের তরফে জানানো হয়েছে। তাঁকে জমি আন্দোলনের শহিদ হিসেবে স্মরণ করে আসছে আরএসপি। প্রতি বছর ৪ আগস্ট বিগলা উরাওয়ের স্মরণে কর্মসূচি আয়োজন করা হয় বলে দলীয় সূত্রে জানা গেছে। এদিনের অনুষ্ঠানে তৎকালীন জমি আন্দোলন ভূমিহীন মানুষের অধিকার এবং সেই আন্দোলনে বিগলা উরাওয়ের ভূমিকার কথা স্মরণ করেন বক্তারা। দলীয় নেতৃত্বের বক্তব্য ১৯৭০ সালের আন্দোলনের বহু সহযোদ্ধা বর্তমানে প্রয়াত। অনেকে বয়সজনিত কারণে সক্রিয় ভাবে কর্মসূচিতে উপস্থিত হতে পারেন না। সেই সময়ের আন্দোলনের সহযোদ্ধা সুমন্ত দেবনাথের উপস্থিতি তাই এদিনের কর্মসূচিতে বিশেষ তাৎপর্য বহন করে বলে তাঁরা জানান। বক্তারা অতীতের জমি আন্দোলনের স্মৃতি তুলে ধরার পাশাপাশি বর্তমান সময়েও শ্রমজীবী ও খেটে খাওয়া মানুষের অধিকার নিয়ে আন্দোলন জারি রাখার বার্তা দেন। কর্মসূচির শেষে বিগলা উরাওয়ের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে লাল সেলাম ও বিগলা উরাও অমর রহে স্লোগান দেওয়া হয়।

WB HIDCO

NOTICE INVITING TENDER

e-N.I.T No.**20** of G.M. (Elect) of 2026-27

Sealed Two Part tenders on **Percentage Rate Basis** are invited for the work of **"Non-comprehensive Annual Maintenance Contract for Fire Hydrant Sprinkler, Fire Alarm system including renewal of licence from Fire Department, Govt. of West Bengal for "HIDCO BHABAN", 3rd Rotary, Newtown, Kolkata for one year"** from the agencies having ability in execution of similar nature of work. Last date of Bid Submission (On line) **11.08.2026** upto **06-00 P.M.** Detailed may be seen in our website at **www.wbhidcoltd.com**.

General Manager (Electrical)
WBHIDCO

WB HIDCO

E- N.I.T No.05 of G.M (Tourism) of 2026-2027

Sealed E-Tender is invited for **Supply of Fish and Sea Food to Café Ekante restaurant at Eco Island, Biswa Bangla Gate, Business Club, Smart Connect, Coffee House in New Town,Toronnya and Coffee House Alipore Kolkata** having experienced in similar nature of supply items. Last date of receiving application-29.08.2026 upto 5.00 P.M. All other information and details may be obtained from the office of the G.M (Tourism), WB HIDCO LTD at Eco Island, Eco Park, New Town, Kolkata-700157. Detailed may be seen in our website at www.wbhidcoltd.com.

-Sd-
G.M (Toursim)
WB HIDCO LTD

তারকেশ্বরে তীর্থযাত্রীদের জন্য পরিষেবা জোরদার করছে পূর্ব রেল

কলকাতা, ৫ আগস্ট ঃ শ্রাবণ মাসে দেবাদিদেব মহাদেবের জলাভিষেকের জন্য লক্ষ লক্ষ ভক্ত তারকেশ্বরে সমবেত হওয়ায়, চলমান শ্রাবণী মেলা উপলক্ষে হাজার হাজার পুণ্যার্থীর নিরাপদ, বাধাহীন এবং স্বাচ্ছন্দ্যময় যাত্রা নিশ্চিত করে চলেছে পূর্ব রেল। যাত্রী স্বাচ্ছন্দ্য, ভিড় নিয়ন্ত্রণ, সুরক্ষা ব্যবস্থা এবং সামগ্রিক অপারেশনাল প্রস্তুতি খতিয়ে দেখতে পূর্ব রেলের বরিষ্ঠ আধিকারিকরা হাওড়া ডিভিশনের তারকেশ্বর রেলওয়ে স্টেশনে একটি পূর্ণাঙ্গ ইন্সপেকশন পরিচালনা করেন। পুণ্যার্থীদের এই অভূতপূর্ব ভিড় এই অঞ্চলে হাওড়া ডিভিশনের ব্যাপক ব্যবস্থার সাফল্যকেই প্রতিফলিত করে। গত সোমবার তারকেশ্বর রেলওয়ে স্টেশনে প্রায় ১.৬০ লক্ষ পুণ্যার্থীর সমাগম নথিভুক্ত হয়েছে, যা গত বছরের একই সময়ের তুলনায় উল্লেখযোগ্যভাবে ৩৪.৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। শেওড়াফুলি রেলওয়ে স্টেশনেও বিপুল জনসমাগম লক্ষ্য করা গেছে, যেখানে ৮৩,৯৬৩ জন পুণ্যার্থী যাতায়াত করেছেন, যা গত বছরের তুলনায় ২৬.৬৪ শতাংশ বৃদ্ধি নির্দেশ করে। পুণ্যার্থীদের এই বিশাল ভিড় দক্ষতার সাথে পরিচালনা করার জন্য, পূর্ব রেল স্টেশনে ৫,৯২০ জন যাত্রীর ধারণক্ষমতা সম্পন্ন তিনটি অস্থায়ী হোল্ডিং এরিয়া তৈরি করেছে, যা পর্যাপ্ত আলো, পাখা, পানীয় জল এবং মোবাইল চার্জিং সুবিধা দিয়ে সম্পূর্ণরূপে সজ্জিত। অতিরিক্ত ১১টি ইউটিএস কাউন্টার, ৭ টি মোবাইল ইউটিএস কাউন্টার এবং ডেডিকেটেড সহায়ক চালিত ১০টি এটিভিএম -এর মাধ্যমে যাত্রীদের সুবিধা এবং টিকিট কাটা আরও সহজ করা হয়েছে। যাত্রীদের অতিরিক্ত চাহিদা মেটাতে, পূর্ব রেল হাওড়া, শেওড়াফুলি, বর্ধমান এবং তারকেশ্বরের মধ্যে চলাচলকারী ১৪ জোড়া অতিরিক্ত ইএমইউ স্পেশাল ট্রেন চালিয়েছে। প্রথম তিনটি পীক উইকেন্ডে, ভিড় সামলাতে মোট ২৪৬ টি স্পেশাল ট্রেনের ট্রিপ চালানো হয়েছে। এর পাশাপাশি, জরুরি পরিস্থিতিতে তাৎক্ষণিকভাবে ট্রেন চালানোর জন্য তারকেশ্বরে একটি ডেডিকেটেড ইএমইউ স্ক্র্যাচ রেক মোতায়েন রাখা হয়েছে। উৎসবের পুরো সময়জুড়ে যাত্রীদের নিরাপত্তাই পূর্ব রেলের সর্বোচ্চ অগ্রাধিকার। তারকেশ্বর স্টেশনে ৭০টি সিসিটিভি ক্যামেরার (যার মধ্যে ২৫টি সৌরশক্তি চালিত ক্যামেরা অন্তর্ভুক্ত) মাধ্যমে ক্রমাগত নজরদারি চালানো হচ্ছে, যেগুলির লাইভ ফিড রিয়েল-টাইম নজরদারির জন্য একটি ডেডিকেটেড রেলওয়ে প্রোটেকশন ফোর্স ওয়াররুমে পাঠানো হচ্ছে। ভিড় নিয়ন্ত্রণ এবং নিরাপদ চলাচল বজায় রাখতে সরকারি রেলওয়ে পুলিশ , সিভিল ডিফেন্স, হুগলি পুলিশ এবং স্থানীয় জেলা প্রশাসনের সাথে ঘনিষ্ঠ সমন্বয় রেখে প্রতি রবি ও সোমবার প্রায় ৪১০ জন আরপিএফ কর্মী মোতায়েন করা হচ্ছে। তাছাড়া, মেলার পুরো সময় জুড়ে অ্যাম্বুলেন্স, জরুরি চিকিৎসা দল এবং সিপিআর -প্রশিক্ষিত রেলকর্মী সহ ব্যাপক চিকিৎসা ব্যবস্থা ঘটনাস্থলে প্রস্তুত রাখা হয়েছে। পরিদর্শনের সময় পূর্ব রেলের বরিষ্ঠ আধিকারিকরা রেলকর্মী, আরপিএফ কর্মী, সিভিল ডিফেন্সের স্বেচ্ছাসেবক এবং দিনরাত পুণ্যার্থীদের সেবায় নিয়োজিত সমস্ত ফ্রন্টলাইন কর্মীদের অক্লান্ত পরিশ্রমের প্রশংসা করেন। তাঁরা পুনরায় নিশ্চিত করেন যে, নিখুঁত পরিকল্পনা, উন্নত ট্রেন পরিষেবা, শক্তিশালী নিরাপত্তা ব্যবস্থা এবং যাত্রী-কেন্দ্রিক সুযোগ-সুবিধার মাধ্যমে প্রতিটি পুণ্যার্থী যাতে সম্পূর্ণ আস্থা ও নিরাপত্তার সাথে পবিত্র তীর্থস্থানে পৌঁছাতে পারেন, তার জন্য পূর্ব রেল সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ।

গ্রামীন বাংলার দ্বিতীয় কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু করছে রাজ্য

কলকাতা, ৫ আগস্ট ঃ রাজ্য সরকার গ্রামীন বাংলার বাড়ি প্রকল্পের দ্বিতীয় কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু করতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বিকালে নবান্ন সংলগ্ন সভাঘর থেকে ভার্চুয়ালি উপভোক্তাদের এই টাকা দেওয়ার কাজ শুরু করবেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। অনুষ্ঠানে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত ছাড়াও পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষের উপস্থিত থাকার কথা রয়েছে।

পূর্ব রেলওয়ে

অকশন ক্যাটালগ

প্রশাসনিক ইউনিট/ জোনঃ শিয়ালদহ ডিভিসন-কমার্শিয়াল, পূর্ব রেলওয়ে। **অকশন পরিচালন কর্তৃপক্ষঃ** সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, শিয়ালদহ। **অকশন ক্যাটালগ নংঃ** এমপিএস-এইউজি-০১-২৬। **অকশনের ধরণঃ** ক্লোজড এন্ডেড। **বিড পদ্ধতিঃ** সাধারণ অকশন (সিঙ্গেল স্টেজ)। **অকশন শুরু (সকল লট)ঃ** ১৭.০৮.২০২৬, সকাল ১১টা। **অকশন শেষের তারিখ/সময়ঃ** ১৭.০৮.২০২৬, দুপুর ২.৪০মিনিট। **প্রারম্ভিক বিরামকালঃ** ৩০ মিনিট। **পর্যায়ক্রমিক লট বন্ধের মধ্যবর্তী সময়কালঃ** ১০ মিনিট। **অটো এক্সটেনশনস্ জোনঃ** ১২০ সেকেন্ড। **সর্বাধিক অটো এক্সটেনশনস্ঃ** ১০ বার। **অটো এক্সটেনশনস্ সময়কালঃ** ১২০ সেকেন্ড। **ক্যাটালগ প্রকাশের তারিখঃ** ৩১.০৭.২০২৬, দুপুর ২.৩৮ মিনিট। **সিদ্ধান্তের প্রক্রিয়াঃ** অটো, **আরপি প্রদর্শিত** - না, **আরপি-এর নীচে পারমিট বিড** - হ্যাঁ। **রাইট অফ ফার্স্ট রিফিউজাল (আরওএফআর) প্রযোজ্য কিনা ঃ** না। **ক্র.নং.; এসইকিউ নং; লট নং/ক্যাটিগরি; বিবরণ** এবং **লট শেষের তারিখ/সময়** নিম্নরূপঃ ১; এএ/১; **এমপিএস-এসডিএএইচ-বিইবি-এমপিএস-২৬-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্);৫ বছর সময়কালের জন্য বেলডাঙ্গা রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ২-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ সকাল ১১.৩০ মিনিট। ২; এএ/২; **এমপিএস-এসডিএএইচ-বিএসএইচটি-এমপিএস-৩৬-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য বসিরহাট রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (০৮ ফুট x ০৫ ফুট x ০৮ ফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ সকাল ১১.৪০ মিনিট। ৩; এএ/৩; **এমপিএস-এসডিএএইচ-বিআইআরএ-এমপিএস-৪৩-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য বিড়া রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ২-তে প্ল্যাটফর্ম শেডের নিচে (শিয়ালদহ প্রান্ত) মাল্টিপারপাস স্টল (এমপিএস) (০৮ ফুট x ০৫ ফুট x ০৮ ফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ সকাল ১১.৫০ মিনিট। ৪; এএ/৪; **এমপিএস-এসডিএএইচ-এসডিএএইচ-এমপিএস-১২-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য শিয়ালদহ রেলওয়ে স্টেশনে উত্তরদিকের বহির্গমন দ্বারে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১২.০০ মিনিট। ৫; এএ/৫; **এমপিএস-এসডিএএইচ-বিকিউজি-এমপিএস-২১-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্);৫ বছর সময়কালের জন্য ভগবানগোলা রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে শেডের নিচে প্ল্যাটফর্ম এলাকার মধ্যবর্তী অংশে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১২.১০ মিনিট। ৬; এএ/৬; **এমপিএস-এসডিএএইচ-বিএফটি-এমপিএস-২৭-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্);৫ বছর সময়কালের জন্য ভাবতা রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১২.২০ মিনিট। ৭; এএ/৭; **এমপিএস-এসডিএএইচ-এমজিটি-এমপিএস-৪১-২৬-১** (এমপিএস- মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য মগরাহাট রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে বুকিং অফিসের নিকটে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (০৮ ফুট x ০৫ ফুট x ০৮ ফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১২.৩০ মিনিট। ৮; এএ/৮; **এমপিএস-এসডিএএইচ-কেআরপি-এমপিএস-২২-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্);৫ বছর সময়কালের জন্য কৃষ্ণপুর রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে মধ্যবর্তী অংশে প্যানেল রুমের নিকটে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১২.৪০ মিনিট। ৯; এএ/৯; **এমপিএস-এসডিএএইচ-এসডিএএইচ-এমপিএস-১৫-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য শিয়ালদহ রেলওয়ে স্টেশনে পিলার নং- ৩ ও ৪ এর মাঝে আইল্যান্ড প্ল্যাটফর্ম-১৫/১৬তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১২.৫০ মিনিট। ১০; এএ/১০; **এমপিএস-এসডিএএইচ-এমবিবি-এমপিএস-৩১-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য মুর্শিদাবাদ রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১.০০ মিনিট। ১১; এএ/১১; **এমপিএস-এসডিএএইচ- এসডিএএইচ-এমপিএস-১৯-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য শিয়ালদহ রেলওয়ে স্টেশনে পিলার নং- ৫ ও ৬ এর মাঝে আইল্যান্ড প্ল্যাটফর্ম-২০/২১তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১.১০ মিনিট। ১২; এএ/১২; **এমপিএস-এসডিএএইচ-এসজিভি-এমপিএস-২৯-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য সারগাছি রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১.২০ মিনিট। ১৩; এএ/১৩; **এমপিএস-এসডিএএইচ-ডিডিসি-এমপিএস-৪০-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্);৫ বছর সময়কালের জন্য দমদম ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশনে ওএসওপি-এর পাশে প্ল্যাটফর্ম নং ১-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (০৮ ফুট x ০৫ ফুট x ০৮ ফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১.৩০ মিনিট। ১৪; এএ/১৪; **এমপিএস-এসডিএএইচ-বিআরপিকে-এমপিএস-৪২-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য বিশরপাড়া-কোদালিয়া রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ২-তে শিয়ালদহ প্রান্তের প্ল্যাটফর্ম শেডের পাশে অবস্থিত মাল্টিপারপাস স্টল (এমপিএস) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১.৪০ মিনিট। ১৫; এএ/১৫; **এমপিএস-এসডিএএইচ-বিএফটি-এমপিএস-৩৩-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য ভাবতা রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ২-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ১.৫০ মিনিট। ১৬; এএ/১৬; **এমপিএস-এসডিএএইচ-বিটি-এমপিএস-৩৪-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য বারাসাত রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে ফুটওভার ব্রিজের নিচে (এস্কেলেটর) সিআইটি/টিআই (এম) অফিস-এর সামনে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (০৮ ফুট x ০৫ ফুট x ০৮ ফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ২.০০ মিনিট। ১৭; এএ/১৭; **এমপিএস-এসডিএএইচ-ডিইবি-এমপিএস-৩০-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্);৫ বছর সময়কালের জন্য দেবগ্রাম রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ২-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ২.১০ মিনিট। ১৮; এএ/১৮; **এমপিএস-এসডিএএইচ-এসডিএএইচ-এমপিএস-১৭-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য শিয়ালদহ রেলওয়ে স্টেশনে পিলার নং- ৩ ও ৪ এর মাঝে আইল্যান্ড প্ল্যাটফর্ম-১৬/১৭তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (১০ ফুট x ৬ ফুট=৬০ বর্গফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ২.২০ মিনিট। ১৯; এএ/১৯; **এমপিএস-এসডিএএইচ-এইচএলআর-এমপিএস-৩৮-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্); ৫ বছর সময়কালের জন্য হালিসহর রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ২-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (০৮ ফুট x ০৫ ফুট x ০৮ ফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ২.৩০ মিনিট। ২০; এএ/২০; **এমপিএস-এসডিএএইচ-জিবিজি-এমপিএস-৩৭-২৬-১** (এমপিএস-মাল্টিপারপাস স্টলস্);৫ বছর সময়কালের জন্য গোবরডাঙ্গা রেলওয়ে স্টেশনে প্ল্যাটফর্ম নং ১-তে মাল্টিপারপাস স্টল (এমপিএস) (০৮ ফুট x ০৫ ফুট x ০৮ ফুট) বন্টন এবং ১৭.০৮.২০২৬ দুপুর ২.৪০ মিনিট। **রেট ইউনিট ঃ** বার্ষিক লাইসেন্সিং ফি (সকল লটের জন্য)। **ট্রিপ/দিনঃ** ১৮২৬ (সকল লটের জন্য)। **লট শুরুর তারিখ/সময়ঃ** ১৭.০৮.২০২৬ সকাল ১১টা (সকল লটের জন্য)। **ন্যূনতম বৃদ্ধি (%)ঃ** ০.২ (সকল লটের জন্য)। **লটের স্ট্যাটাস ঃ** ড্রাফ্ট ক্যাটলগে নতুন (সকল লটের জন্য)।

(SDAH-165/2026-27)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in**-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway easternrailwayheadquarter

বজ্রাঘাতে মৃত ৪

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৫ আগস্ট ঃ বুধবার সকাল থেকেই বৃষ্টি হচ্ছিল কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। সন্ধ্যার পর ফের নামে ঝেঁপে বৃষ্টি। কলকাতার পাশাপাশি দক্ষিণ ২৪ পরগনার কিছু অঞ্চলেও সন্ধ্যায় ভারী বৃষ্টি হয়। ইতিমধ্যে পশ্চিম মেদিনীপুর জেলার নারায়ণগড়, ডেবরা এবং খড়্গপুর লোকাল থানা এলাকায় বজ্রাঘাতে মৃত্যু হয়েছে অন্তত চার জনের। মৃতদের মধ্যে তিন মহিলাও রয়েছেন। বুধবার বিকেলে পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড় থানার ঠেঙ্গামারা এলাকায় বাজ পড়ে মৃত্যু হয় তাপস সাবরা (৫৯) নামে এক ব্যক্তির। খড়্গপুর লোকাল থানার বরগাই এলাকায় মৃত্যু হয় সুমিত্রা খামরুইয়ের (৫০)। ডেবরা থানার রাধামোহনপুর এলাকায় বজ্রপাতে মৃত্যু হয় কাজল নায়েক (৬৫) এবং মালতী পাত্রের (৪৭)। ওই এলাকায় বাজ পড়ে আহত হয়েছেন আরও তিন জন মহিলা। রাধামোহনপুরের ওই পাঁচ জনই দুর্যোগের মাঝে চাষের জমিতে কাজ করছিলেন।

বিজ্ঞপ্তি

আমার মক্কেল মনোজ কুমার পাল দিগর পিতা- ঁমোহন চন্দ্র পাল বিগত ইংরাজি ২৩.০২.২০২৪ তারিখে বড়গাছিয়া ADSR অফিসে রেজিস্ট্রিকৃত-০৫০৮০০৫৯৩ নং আমোক্তার পত্রমূলে চায়না পাল স্বামী-ঁঅমর পাল দিগরের পক্ষে শেখর পাল এর নিকট হইতে ০৫০৮০১১৬২ নং দলিল মূলে জমি খরিদ করিয়াছেন। মৌজা-গৌরীপুর, জে.এল নং-৭০, দাগ নং-৪২৩,৪২৪ খতিয়ান নং-১২,২৩১ পরিমাণ- ২.৪৪ শতক। J.B.Pur-BL & LRO অফিসে মিউটেশন কেস দাখিল করিয়াছেন। উক্ত জমির মিউটেশন সংক্রান্ত বিষয়ে কারোর কোন আপত্তি থাকিলে আগামী ৩০ দিনের মধ্যে J.B.Pur- BL & LRO অফিসে যোগাযোগ করিবার অনুরোধ রইল।

বিজ্ঞপ্তি

আমার মক্কেল শান্তি সাহা মহাশয়া ইংরাজির ২২.১১.২০২৪ তারিখে কাজল রায় মহাশয়া কে ১২২৫৯ / ২০২৪ নং পাওয়ার দলিল রেজিস্ট্রি করিয়াছেন, ও কাকলি সাহা মহাশয়া ইংরাজির ২২.০৬.২০২৩ তারিখে গীতা কর্মকার মহাশয়াকে ৬১১